

দৈনিক
ইত্তেফাক

**বিইউএফটি ও উহান
টেস্টটাইল ইউনিভার্সিটির
শিক্ষা চুক্তি স্বাক্ষর**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং চীনের উপ-প্রধানমন্ত্রী মিস. লিউ ইয়ানডং এর উপস্থিতিতে সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি (বিইউএফটি), বাংলাদেশ ও উহান টেস্টটাইল ইউনিভার্সিটি, চায়না এর মধ্যে এক শিক্ষা বিষয়ক সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। উভয় বিশ্ববিদ্যালয়ের পক্ষে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেন বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজির প্রতিষ্ঠাতা এবং ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোজাফ্ফর উদ্দিন সিদ্দিক এবং উহান টেস্টটাইল ইউনিভার্সিটির পক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট প্রফেসর উই-ইলিয়াং। এই চুক্তি অনুযায়ী উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে ফ্যাশন, গার্মেন্টস ও টেস্টটাইল সেক্টরের মানোন্নয়নের বিষয়ে যৌথ গবেষণা, প্রশিক্ষণ, কারিকুলাম উন্নয়নসহ শিক্ষক ও শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা লাভ, উপবৃত্তি, স্থলারশিপি বিষয়াদি স্থান পায়। এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, শিক্ষা সচিব মো. নজরুল ইসলাম খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. জা.আ.ম.স আরেফিন সিদ্দিক, পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক এম নজরুল ইসলাম, বিইউএফটি ট্রাস্টি বোর্ডের সদস্য আবদুস সালাম বোর্শেদী, চায়না দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তা ও উহান টেস্টটাইল ইউনিভার্সিটির প্রতিনিধিবৃন্দসহ মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয়ের অন্যান্য প্রতিনিধি।—প্রেস বিজ্ঞপ্তি